**নাট্যকলা বিভাগ**
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৫
ফোন : দপ্তর ০২৫৮৮৮৬৪১৪৫
ই-মেইল : theatre.ru26@gmail.com

**Department of Theatre**
University of Rajshahi
Rajshahi-6205
Phone : Off. 02588864145
E-mail : theatre.ru26@gmail.com

**স্মারক নং- নাট্য:/৫৭৭/২০২৬** **তারিখ : ০২.৯.২০২৬**

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে নিয়মিত এম.এ. প্রোগ্রামে শূন্য আসনে (১ বৎসর মেয়াদী, ২ সেমিস্টার) বহিরাগত শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের এম.এ. ভর্তিচ্ছু বহিরাগত শিক্ষার্থীদের জন্য নির্দেশনা, অভিনয়, নাট্যরচনা ও প্রায়োগিক নাট্যকলা শাখায় নির্ধারিত ফরমে ভর্তির আবেদনপত্র আহবান করা যাচ্ছে। ভর্তির আবেদনপত্রের মূল্য-১,০০০/-টাকা।

যোগ্যতা:
দেশ ও বিদেশের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (UGC) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে নাট্যকলা/থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিধারী, পরিবেশনা শিল্পকলা সংশ্লিষ্ট প্রাসঙ্গিক বিষয়ে (যেমন নৃত্যকলা, সংগীত, চারুকলা, চলচ্চিত্র ইত্যাদি) এবং বাংলা, ইংরেজি, সংস্কৃত, গণযোগাযোগ ও সাংবাদিকতা, ফোকলোর বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিধারী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। ফলাফল থাকতে হবে নিম্নরূপ:

ক. স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.০০ বা সমমানের ফলাফল থাকবে হবে।
খ. মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় সম্মিলিতভাবে ন্যূনতম জিপিএ ৬.৫০ থাকতে হবে।
গ. তবে পৃথকভাবে কেনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।
ঘ. ভর্তিচ্ছু প্রার্থীর স্নাতক (সম্মান) শিক্ষা বিরতি সর্বোচ্চ আট বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে।

সময়সূচি:

আবেদনের তারিখ: ০৩.৯.২০২৬ হতে ২০.৯.২০২৬ তারিখ পর্যন্ত।
পরীক্ষা গ্রহণ: ২৬.৯.২০২৬ তারিখ, শনিবার, সকাল: ১০টা, সময়: ০১ঘণ্টা।
মৌখিক পরীক্ষা: ২৬.৯.২০২৬ তারিখ, ০৩টা থেকে শুরু।
স্থান: নাট্যকলা বিভাগ, সৈয়দ ইসমাঈল হোসেন সিরাজী ভবন, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

পরীক্ষা গ্রহণ পদ্ধতি:

ক. নাট্যকলা বিষয়ক ৫০ নম্বরের লিখিত ও ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ।
খ. ফলাফল প্রকাশের তারিখ: ২৭.৯.২০২৬।
গ. ভর্তির তারিখ: জরিমানা ছাড়া ২৮.০৯.২০২৬ থেকে ০৪.১০.২০২৬ তারিখ পর্যন্ত, জরিমানাসহ ০৫.১০.২০২৬ থেকে ০৭.১০.২০২৬ তারিখ পর্যন্ত।
ঘ. ক্লাস শুরু তারিখ: ১১.১০.২০২৬।

ভর্তি পরীক্ষার আবেদনপত্রের সঙ্গে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

ক. এস.এস.সি., এইচ.এস.সি., স্নাতক (সম্মান) পাশের (১) নম্বরপত্র, (২) সনদপত্র এবং (৩) নিবন্ধনপত্র এর সত্যায়িত কপি।
খ. জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন এর সত্যায়িত ফটোকপি।
গ. সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ কপি ছবি।

ভর্তি পরীক্ষার আবেদনের নির্ধারিত ফরম ও প্রবেশপত্র অফিস চলাকালীন নাট্যকলা বিভাগের অফিস থেকে সংগ্রহ করতে হবে।

(মুহম্মদ আলমগীর পিএইচডি)
সভাপতি
নাট্যকলা বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসেন)
অধিকর্তা
কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

মেমো নম্বর-নাট্য/৫৭৭/২০২৬ তারিখ: ০২.৯.২০২৬

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. অধিকর্তা, কলা অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
২. সভাপতি, নাট্যকলাবিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
৩. **পরিচালক, আই.সি.টি. সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয় (রা.বি. ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণে জন্য অনুরোধ করা হলো)।**